# জাতীয় বিশ্ববিদ্যালয়
## বাংলাদেশ

# প্রজ্ঞাপন

স্মারক নং- ০৭ (ঢ-৭১৭) জাতীঃবিঃ/কঃপঃ/২০০২/১৯০ তারিখ: ১৭/০১/২০২৪

**বিষয়ঃ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে বিবেচনায় নিয়ে অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতির দায়িত্ব পালন প্রসঙ্গে।**

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে এই মর্মে জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনকে অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ ও প্রভাবমুক্ত করা লক্ষ্যে নির্বাচন কমিশনের কার্যক্রমের ধারাবাহিকতায় পুনরাদেশ না দেয়া পর্যন্ত দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থী যে সকল কলেজে গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতি হিসেবে দায়িত্বরত ছিলেন সে সকল কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি (সংশোধিত) সংবিধি ২০১৯-এর ৭ ধারা মতে মাননীয় ভাইস-চ্যান্সেলর মহোদয়-এর ক্ষমতাবলে সভাপতি হিসেবে বিভাগীয় শহরে অবস্থিত কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কমিশনার, জেলা শহরে অবস্থিত কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং উপজেলার ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারকে দায়িত্ব পালনের জন্য প্রজ্ঞাপন জারী করা হয়েছিল।

ইতোমধ্যে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন হয়েছে। ফলে প্রযোজ্য ক্ষেত্রে প্রজ্ঞাপন জারীর পূর্বে অধিভুক্ত কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানসমূহের গভর্নিং বডি/এডহক কমিটির সভাপতির দায়িত্ব পালনকারীদের মধ্যে যারা দ্বাদশ জাতীয় সংসদের মাননীয় সদস্য নির্বাচিত হয়েছেন, তারা রীট পিটিশন নং-২৩০/২০১৭-এর মহামান্য হাইকোর্ট বিভাগের ২৫/১১/২০১৯ তারিখে রায়ের নির্দেশনা অনুযায়ী সভাপতির দায়িত্ব পালন করতে পারবেন না। সেক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজের সভাপতি মনোনয়নের লক্ষ্যে বিধি অনুযায়ী অধ্যক্ষের মাধ্যমে প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

যে সকল কলেজ/শিক্ষাপ্রতিষ্ঠানে সভাপতিগণ দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করে নির্বাচিত হতে পারেননি, তাঁরা বিদ্যমান গভর্নিং বডি/এডহক কমিটিতে পূর্বনির্ধারিত মেয়াদকাল পর্যন্ত দায়িত্ব পালন করতে পারবেন।

জনস্বার্থে এই আদেশ জারী করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

17.01.24

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার